# "বিদ্যালয় বহির্ভূত শিশুদের জন্য বিকল্প শিক্ষার সুযোগ Alternative Learning Opportunity for Out of School Children (ALO)" শীর্ষক প্রকল্পের সংক্ষিপ্ত পরিচিতি

| | | | |
|---|---|---|---|
| ১। | প্রকল্পের নাম | : | **বিদ্যালয় বহির্ভূত শিশুদের জন্য বিকল্প শিক্ষার সুযোগ Alternative Learning Opportunity for Out of School Children (ALO)** |
| | ক) উদ্যোগী মন্ত্রণালয় | : | প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়। |
| | খ) বাস্তবায়নকারী সংস্থা | : | উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো। |
| ২। | প্রকল্পের উদ্দেশ্য: | : | **উদ্দেশ্য:** |

- এই প্রকল্পের প্রাথমিক উদ্দেশ্য হলো বিদ্যালয় বহির্ভূত শিশুদেরকে দক্ষতা-কেন্দ্রিক মানসম্পন্ন উপানুষ্ঠানিক প্রাথমিক শিক্ষা প্রদান করা যা পিছিয়ে পড়া শিশুকে শিক্ষার মূলাধারায় ফিরিয়ে আনতে এবং একবিংশ শতকের চাহিদা পূরণে উপযোগী করে গড়ে তুলতে সহায়তা করবে।

**সুনির্দিষ্ট উদ্দেশ্য:**

- **১০-১৪ বছর বয়সী** ১৯,২০০ জন বিদ্যালয় বহির্ভূত শিশুকে উপানুষ্ঠানিক প্রাথমিক শিক্ষা প্রদান করা যেখানে কমপক্ষে ৫০% মেয়ে শিশু থাকবে (যদি মেয়ে শিশু পাওয়া যায়)।
- **১৫-২৪ বছর বয়সী** ১৯,২০০ জন প্রান্তিক এবং সুবিধাবঞ্চিত গ্রামীণ কিশোর-কিশোরী ও যুবক যারা ইতোমধ্যে নব্য-সাক্ষর, স্বল্প-সাক্ষর, অষ্টম শ্রেণির নিচে যারা স্কুল থেকে ঝরে পড়েছে এবং যারা শিক্ষা, চাকরি বা প্রশিক্ষণে যুক্ত নেই, তাদেরকে প্রয়োজন-ভিত্তিক এবং বাজার চাহিদা রয়েছে এমন ট্রেডে দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ প্রদান করা।
- উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোর জেলা ও উপজেলা পর্যায়ের নিজস্ব জনবল কাঠামোর মাধ্যমে এ প্রকল্পের কার্যকর বাস্তবায়ন নিশ্চিত করা।

| | | | |
|---|---|---|---|
| ৩। | প্রকল্পের মেয়াদ | : | **জানুয়ারি ২০২৬ হতে ডিসেম্বর ২০২৮ পর্যন্ত** |
| ৪। | **প্রকল্পের প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকায়)** | : | |
| | (ক) মোট | : | **১৫৮৭৩.৫৮** লক্ষ টাকা (একশত আটান্ন কোটি তিয়াত্তর লক্ষ আটান্ন হাজার টাকা) |
| | (খ) জিওবি | : | ১৪৭০৩.৫৮ লক্ষ (একশত সাতচল্লিশ কোটি তিন লক্ষ আটান্ন হাজার টাকা) |
| | (গ) প্রকল্প সাহায্য (ইউনিসেফ অনুদান) | | ১১৭০.০০ লক্ষ টাকা [এগার কোটি সত্তর লক্ষ টাকা ] |
| ৫। | প্রকল্প এলাকা | : | দেশের ৬৪ জেলার নির্বাচিত ৬৪টি উপজেলা। |
| ৬। | অগ্রাধিকার প্রাপ্ত ট্রেড | : | চাহিদা-ভিত্তিক/বাজারের চাহিদা অনুযায়ী (বর্তমানে উন্নয়নকৃত ১৩টি শিক্ষাক্রমের মধ্য হতে)। |
| ৭। | কোর্সের মেয়াদ | : | ৪-৬ মাস (৪৬০ ঘন্টা, এর মধ্যে ৩৬০ ঘন্টা স্কিল এবং ১০০ ঘন্টা লিটারেসী)। |
| ৮। | মাঠ পর্যায়ের সহযোগী প্রতিষ্ঠান | : | ✓ পলিটেকনিক ইনস্টিটিউট,<br>✓ কারিগরি স্কুল ও কলেজ (টিএসসি),<br>✓ কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র (টিটিসি),<br>✓ বৃত্তিমূলক স্কুল এবং<br>✓ মাদ্রাসা। |